

AKASHVANI (AIR)
RNU : KOLKATA
Bengali Text Bulletin

Date: 04.10.2024

Time: 7-35 A.M

বিশেষ বিশেষ খবর –

- ১) কেন্দ্রীয় সরকার বাংলা সহ পাঁচটি ভাষাকে ধ্রুপদী ভাষার মর্যাদা দিয়েছে।
ধন্যবাদ জানিয়েছেন রাজ্যপাল, মুখ্যমন্ত্রী।
- ২) আর জি কর দুর্নীতি মামলায় সিবিআই প্রাক্তন অধ্যক্ষ সন্দীপ ঘোষ ঘনিষ্ঠ
তৃণমূল ছাত্র পরিষদ নেতা ডাক্তার আশিষ পাণ্ডেকে গ্রেফতার করেছে।
- ৩) পুজোর মুখে শাকসজ্জি, মাছ সহ নিত্য প্রয়োজনীয় সামগ্রির দাম নিয়ন্ত্রণে
রাখতে রাজ্য সরকার আজ ফের বৈঠকে বসছে।
- ৪) কলকাতার বাঁশদ্রোণিতে ছাত্র মৃত্যুর ঘটনায় অভিযুক্ত পে-লোডারের
চালককে গ্রেফতার করেছে পুলিশ।
- ৫) উচ্চ-প্রাথমিকে শূন্য পদে নিয়োগের জন্য কাউন্সিলিং প্রক্রিয়া শুরু করেছে।
- ৬) বঙ্গোপোসাগরে নতুন করে নিম্নচাপের জেরে পুজোর মুখে বৃষ্টির পূর্বাভাস
দিয়েছে আবহাওয়া দফতর।

oooooooooooooooooooooooo

কেন্দ্রীয় মন্ত্রিসভা, বাঙলাকে ‘ধ্রুপদী ভাষা’র মর্যাদা দানের সিদ্ধান্ত নিয়েছে। নতুন দিল্লিতে গতকাল মন্ত্রিসভার বৈঠকে বাংলা সহ মোট ৫টি ভাষাকে এই স্বীকৃতি দেওয়ার কথা ঘোষণা করা হয়। অন্য ভাষাগুলি হল- মারাঠি, পালি, প্রাকৃত ও অসমিয়া। এই নিয়ে দেশে মোট ‘ধ্রুপদী ভাষা’র সংখ্যা হল- ১১।

মন্ত্রিসভার বৈঠকের পর কেন্দ্রীয় মন্ত্রী অশ্বিনী বৈষ্ণব একে একে ঐতিহাসিক সিদ্ধান্ত হিসেবে বর্ণনা করে বলেন, দেশের ঐতিহ্যকে এগিয়ে নিয়ে যাওয়ার ক্ষেত্রে নরেন্দ্র মোদী সরকারের আদর্শের সঠিক প্রতিফলন এই সিদ্ধান্ত।

(বাইট)

রাজ্যপাল সি ভি আনন্দ বোস বাংলা ভাষার ধ্রুপদী মর্যাদা প্রাপ্তিতে সন্তোষ ব্যক্ত করেছেন। এক্স হ্যান্ডেলে এক বার্তায় এজন্য তিনি প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীকে ধন্যবাদ জানান। রাজ্যপাল লিখেছেন, এই সিদ্ধান্তের মধ্য দিয়ে প্রধানমন্ত্রী, রবীন্দ্রনাথ ঠাকুরের ভাষাকে স্বীকৃতি দিলেন। বাংলা ভাষা নিয়ে গুরুত্বপূর্ণ কাজ করা ব্যক্তি বা প্রতিষ্ঠানকে তিনি দুর্গা বাংলা পুরস্কার দেওয়ার কথাও ঘোষণা করেছেন। এর আর্থিক মূল্য ৫ লক্ষ টাকা।

মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জিও গতকাল এখবর জানিয়ে সন্তোষ প্রকাশ করেছেন। এক্স হ্যান্ডেলে এক বার্তায় তিনি বলেন, দীর্ঘদিন ধরে বাংলার ধ্রুপদী ভাষার মর্যাদা আদায় করার চেষ্টা করছে রাজ্য সরকার। বাংলা ভাষার প্রাচীনত্ব নিয়ে নিজেদের দাবির সপক্ষে তিন খন্ডের গবেষণা পত্রও সংস্কৃতি মন্ত্রকের কাছে পাঠানো হয়েছিল। ধ্রুপদী ভাষার স্বীকৃতি পাওয়ার ফলে বাংলা ভাষার উৎকর্ষ ও গবেষণার অনেক নতুন পথ খুলে যেতে চলেছে। কেন্দ্রের কাছ থেকেও এব্যাপারে বিভিন্ন সহায়তা মিলবে। প্রতিবছর বাংলার দুজন বিশিষ্ট গবেষক গুরুত্বপূর্ণ আন্তর্জাতিক পুরস্কারের জন্য মনোনীত হবেন। বাংলাভাষা গবেষণার একটি উৎকর্ষ কেন্দ্র তৈরি হবে। বাংলা ভাষা

নিয়ে গবেষণা ও বাংলার মাধ্যমে শিক্ষাদানের জন্য ইউজিসি বিভিন্ন কেন্দ্রীয় বিশ্ব বিদ্যালয়ে অধ্যাপকের পদ তৈরি করবে।

রাজ্য বিজেপি সভাপতি ডক্টর সুকান্ত মজুমদার বাংলাকে ধ্রুপদী ভাষার মর্যাদা দেওয়ায় কেন্দ্রীয় সরকারকে ধন্যবাদ জানিয়েছে।

(বাইট – সুকান্ত)

oooooooooooooooooooooooo

কেন্দ্রীয় তদন্ত ব্যুরো-CBI, RG Kar মেডিক্যাল কলেজ হাসপাতালে আর্থিক দুর্নীতি মামলায় গতকাল প্রাক্তন অধ্যক্ষ সন্দীপ ঘোষ ঘনিষ্ঠ তৃণমূল ছাত্র পরিষদ নেতা ডাক্তার আশিস পাণ্ডেকে গ্রেপ্তার করেছে। তার আগে তাঁকে গতকাল নিজাম প্যালেসে সকাল থেকে CBI আধিকারিকরা দীর্ঘক্ষণ জেরা করেন। আজ আশীষ পাণ্ডেকে শিয়ালদা আদালতে তোলা হবে।

CBI সূত্রে জানা গেছে, আর্থিক দুর্নীতি মামলার সঙ্গে RG Kar-এর তরুণী PGT চিকিৎসকের ধর্ষণ ও খুনের কোনো যোগ আছে কিনা, বিস্তারিত জিজ্ঞাসাবাদ করে তা' খতিয়ে দেখা হবে। সেমিনার হলে যেখানে ওই চিকিৎসকের দেহ উদ্ধার হয়েছিল, সেখানে আশিস পাণ্ডেকে দেখা যায় বিভিন্ন ভিডিও ক্লপিং-এ।

উল্লেখ্য, এর আগেও CBI আশিস পাণ্ডেকে তাদের দপ্তরে ডেকে জেরা করে। তার বিরুদ্ধে 'হুমকি সংস্কৃতি'-তে জড়িত থাকার'ও অভিযোগ রয়েছে।

এদিকে, সিনিয়র চিকিৎসকদের একাংশ জুনিয়র ডাক্তারদের পূর্ণ কর্মবিরতি প্রত্যাহারের অনুরোধ জানিয়েছেন বলে সূত্রের খবর। এনিয়ে দফায় দফায় বৈঠকও করছেন আন্দোলনরত জুনিয়র ডাক্তাররা।

০০০০০০০০০০০০০০০০০০০০

পুজোর মুখে সবজি, মাছ সহ নিত্যপ্রয়োজনীয় জিনিসের দাম উর্ধ্বমুখী হওয়ায় তা নিয়ন্ত্রনে এনে সাধারণের নাগালের মধ্যে রাখার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ নিতে রাজ্য সরকার আজ একবার বৈঠকে বসতে চলেছে। মুখ্যসচিব মনোজ পন্থ-এর পৌরোহিতে নবান্নে এই বৈঠকে উপস্থিত থাকার জন্যে সব জেলাশাসক, পুলিশ সুপার, এনফোর্সমেন্ট ব্রাঞ্চ, টাস্ক ফোর্স ও বিভিন্ন ব্যবসায়ী সংগঠনের প্রতিনিধিদের নির্দেশ দেওয়া হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০

শারদীয়া উৎসবের আগে আজই রাজ্য সরকারের শেষ কর্মদিবস। শনিবার থেকে সব সরকারি, আধা সরকারি, সরকারি সাহায্যপ্রাপ্ত বিদ্যালয়ে পুজোর ছুটি শুরু হতে চলেছে। লক্ষীপুজো সহ মোট ১৬ দিনের ছুটি কাটিয়ে আগামী একুশে অক্টোবর দপ্তরগুলিতে আবার স্বাভাবিক কাজকর্ম শুরু হবে। তবে দমকল, বিপর্যয় ব্যবস্থাপন এর মতো জরুরী পরিষেবার দপ্তর এবং রাজ্য ও কলকাতা পুলিশে কর্মরত সব স্তরের কর্মীদের ছুটি বাতিল করা হয়েছে। উৎসবের দিনগুলিতে জেলাগুলির উপরে নজর রাখার জন্যে নবান্নে খোলা হয়েছে কন্ট্রোল রুম।

০০০০০০০০০০০০০০০০০০

দুর্গাপুজোর উদ্বোধনে রাজ্যপাল সিভি আনন্দ বোস আজ পূর্ব মেদিনীপুর যাচ্ছেন। কলকাতা থেকে আকাশপথে দীঘায় পৌঁছবেন তিনি। এরপরে সেখান থেকে যাবেন কাঁথিতে। সেখানে তার নান্দনিক ক্লাবের পুজোর উদ্বোধন করার কথা রয়েছে বলে রাজভবন সূত্রে জানা গিয়েছে।

এদিকে, রাজ্যপাল গতকাল কলকাতা বিশ্ববিদ্যালয়ের কলেজ স্ট্রিট ক্যাম্পাসে PHD ডিগ্রী প্রাপকদের হাতে মানপত্র তুলে দেওয়ার অনুষ্ঠানে যোগ দিতে

গেলে তুনমূল ছাত্র পরিষদের সদস্যরা তাকে ঘিরে বিক্ষোভ দেখায়। তোলা হয় গো ব্যাক স্লোগানও।

০০০০০০০০০০০০০০০০

রাজ্য সরকার ক্লাবগুলিকে পুজোর জন্য ৮৫ হাজার টাকা করে অনুদান দেওয়ায় মুখ্যমন্ত্রীকে ধন্যবাদ জানিয়ে কোচবিহারে গতকাল মিছিল করেছে পুজো কমিটিগুলি। শহরের রাজমাথাদিঘি সংলগ্ন এলাকা থেকে শুরু হয়ে মিছিল শহর পরিক্রমা করে।

০০০০০০০০০০০০০০০০

বিজেপি রাজ্য সরকারের পুজো কার্নিভাল এড়িয়ে যাওয়ার জন্য মানুষের কাছে আর্জি জানিয়েছে। বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী গতকাল কলকাতায় সাংবাদিকদের প্রশ্নের উত্তরে বলেন, আরজিকরের ঘটনা কোন রাজনীতির বিষয় নয়। সেখানে মহিলা চিকিৎসকের উপর নারকীয় অত্যাচার হয়েছে। তিনি এর জন্য মুখ্যমন্ত্রীকে দায়ী করেছেন। আন্দোলন ছেড়ে উৎসবে ফেরার জন্য মুখ্যমন্ত্রী যে আহ্বান জানিয়েছেন, পুজো কার্নিভাল উপেক্ষা করে তার যোগ্য জবাব দেওয়ার জন্য শ্রী অধিকারী রাজ্যের মানুষের কাছে আবেদন জানিয়েছেন।

উল্লেখ্য গতকাল তিনি সন্তোষ মিত্র স্কোয়ার এবং প্রয়াত বিজেপি নেতা অভিজিৎ সরকারের প্রতিষ্ঠিত সরস্বতী ও কালীমাতা মন্দির পরিষদের দুর্গাপুজোর উদ্বোধন করেন।

০০০০০০০০০০০০০০০০

কলকাতার বাঁশদ্রোণী এলাকায় পেলোডারের ধাক্কায় ছাত্র মৃত্যুর ঘটনায় মূল অভিযুক্ত শম্ভু কুমার রায়কে পুলিশ গ্রেফতার করেছে। মোবাইল টাওয়ার লোকেশন দেখে তাকে পাকড়াও করা হয়। তাকে আজ আদালতে তোলা হবে। এই ঘটনায়

সরকারের ভূমিকার তীব্র সমালোচনা করেছে বিজেপি। দলের রাজ্যসভার সাংসদ তথা মুখ্যপাত্র শমীক ভট্টাচার্য বলেন,

(বাইট – শমীক)

এদিকে, প্রদেশ কংগ্রেসের নব নিযুক্ত সভাপতি শুভঙ্কর সরকার গতকাল বাঁশদ্রোণীতে নিহত স্কুল ছাত্রের বাড়িতে গিয়ে পরিবারের লোকেদের সঙ্গে কথা বলেন। তাদের পাশে থাকারও বার্তা দিয়েছেন শুভঙ্করবাবু। বাঁশদ্রোণী এলাকার রাস্তার বেহাল অবস্থা নিয়ে স্থানীয় কাউন্সিলার ও পুরসভা উদাসীন বলেও তিনি অভিযোগ করেছেন।

০০০০০০০০০০০০০০০০০০০০

দেশ ও রাজ্যের বর্তমান পরিস্থিতিতে বাম গনতান্ত্রিক শক্তিকে জোটবদ্ধ করার আহ্বান জানিয়েছেন সিপিআইএম এর পলিটব্যুরোর সদস্য তথা রাজ্য সম্পাদক মহম্মদ সেলিম। সিপিআইএম এর প্রয়াত সাধারণ সম্পাদক সীতারাম ইয়েচুরির স্মরণে গতকাল কলকাতার প্রমোদ দাশগুপ্ত ভবনে আয়োজিত এক স্মরণ সভায় মহম্মদ সেলিম বলেন, এরা জ্যে বামপন্থার পুনর্জাগরণ অত্যন্ত জরুরী। এপ্রসঙ্গে সীতারাম ইয়েচুরির বিভিন্ন উক্তি তুলে ধরে তিনি বলেন, শ্রমজীবী মানুষের ঐক্য পুণরায় তৈরি হচ্ছে। স্মরণ সভায় দলের পলিটব্যুরোর সদস্য ও প্রাক্তন রাজ্য সম্পাদক ডাক্তার সূর্যকান্ত মিশ্র বলেন, কঠিন পরিস্থিতির মধ্যে ব্যাপক ঐক্য গড়ে তুলতে পারলে তবেই সীতারাম ইয়েচুরির প্রতি প্রকৃত শ্রদ্ধা জানানো যাবে। পলিটব্যুরোর সদস্য ও প্রাক্তন সাধারণ সম্পাদক প্রকাশ কারাত, প্রবীণ সিপিআইএম নেতা বিমান বসু প্রমুখ সীতারাম ইয়েচুরির বিভিন্ন অবদানের কথা উল্লেখ করেন।

০০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্য স্কুল সার্ভিস কমিশন-SSC, উচ্চ প্রাথমিকে শূন্য পদে নিয়োগের জন্যে প্রার্থীদের কাউন্সেলিং প্রক্রিয়া শুরু করেছে। বিজ্ঞপ্তি অনুযায়ী পুজোর আগে আজও কাউন্সেলিং হবে। এর পরে দ্বিতীয় পর্যায়ে আবার ২৪ অক্টোবর থেকে এই কাউন্সেলিং শুরু হবে। বিধাননগরে কমিশনের অফিসে সকাল সাড়ে দশটা থেকে তা চলবে।

উল্লেখ্য, কলকাতা হাইকোর্টের নির্দেশ মেনে এস এস সি গত বুধবার ২০১৬ সালের পরীক্ষায় উত্তীর্ণ ১৪ হাজার ৫২ জনের নামের তালিকা প্রকাশ করে। নির্দেশ অনুসারেই আগামী চার সপ্তাহের মধ্যে নিয়োগ প্রক্রিয়া শেষ করা হবে বলে কমিশনের তরফে ইতিমধ্যেই জানানো হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০

ক্ষুদ্র, ছোট ও মাঝারি শিল্প সংস্থাও যাতে শেয়ার বাজারে নাম লেখায় রাজ্য সরকার সে ব্যাপারে উদ্যোগী হচ্ছে। এমএসএমই দপ্তরের প্রধান সচিব রাজেশ পাণ্ডে বলেন, গোটা দেশেই এই প্রবণতা রয়েছে। মূলত সচেতনতার অভাবেই বাজারে শেয়ার ছেড়ে মূলধন জোগাড় করার বিষয়ে এখনও ছোট শিল্প ক্ষেত্র পিছিয়ে রয়েছে। এজন্য তাঁদের সচেতনতা বৃদ্ধিতে লাগাতার কর্মসূচি নেবে এমএসএমই দফতর। গতকাল এমন একটি কর্মশালায় রাজ্যের ছোট শিল্পগুলির কর্তাদের একাংশ উপস্থিত ছিলেন। ন্যাশনাল স্টক এক্সচেঞ্জের সহায়তায় আয়োজিত এই কর্মশালার পর অনেক সংস্থাই শেয়ার বাজারে নাম নথিভুক্তিতে আগ্রহ দেখিয়েছে। আগামীতে কলকাতার পাশাপাশি জেলাতেও একই ধরনের কর্মশালার আয়োজন করা হবে বলে ক্ষুদ্র শিল্প সচিব জানিয়েছেন।

০০০০০০০০০০০০০০০০০০

মুর্শিদাবাদের ভরতপুরে তৃণমূল কংগ্রেস বিধায়ক হুমায়ুন কবীরের অনুগামীদের মিছিলকে কেন্দ্র করে গতকাল উত্তাল হয়ে ওঠে এলাকা। মিছিলে হামলার অভিযোগ উঠেছে ভরতপুর এক নম্বর ব্লকের তৃণমূল কংগ্রেস সভাপতি অনুগামীদের বিরুদ্ধে।

গত বুধবার বিধায়ক হুমায়ুন কবীরের বিরুদ্ধে ব্লক সভাপতির অনুগামীরা বিরাট মিছিল বের করে। এরই পাল্টা হিসেবে গতকাল মিছিলের ডাক দেন বিধায়ক অনুগামীরা।

উত্তর ২৪ পরগনার খড়দার চার নম্বর ওয়ার্ডে দলীয় কার্যালয় ভেঙে দেওয়ার অভিযোগ উঠেছে কাউন্সিলারের বিরুদ্ধে। জানা গেছে, গতকাল দুপুরে হঠাৎ-ই কাউন্সিলার নিজে দলবল নিয়ে এসে রহড়া সারদাপল্লী অঞ্চলের ওই কার্যালয়টি ভেঙে দেন। যদিও কাউন্সিলার জানিয়েছেন, কার্যালয়টিতে নানারকম অসামাজিক কাজ চলতো।

০০০০০০০০০০০০০০০০০০

বাংলাদেশের ওপর সৃষ্ট ঘূর্ণাবর্ত শক্তি বাড়িয়ে আজ নিম্নচাপে পরিণত হতে পারে। এর প্রভাবে দক্ষিণবঙ্গের একাধিক জায়গায় বৃষ্টির পূর্বাভাস দিয়েছে আবহাওয়া দফতর।

আবহাওয়া দফতরের পূর্বাঞ্চলীয় প্রধান সোমনাথ দত্ত বলেন –

(বাইট)

০০০০০০০০০০০০০০০০০০

০০০০০০০০০০০০০০০০০০